

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:
গাজীপুর-১৭০৩।

অফিস নির্দেশ নং- ৫৩.১৮.৩৩০০.০০৩.১৮.০০১.২১-১১৩

০৩/০৩/১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: -----
১৭/০৬/২০২১ খ্রীস্টাব্দ


শুদ্ধাচার চর্চার পুরস্কার, ২০২০-২০২১ প্রদান প্রসংগে।

‘সোনার বাংলা গড়ার প্রত্যয়; জাতীয় শুদ্ধাচার কৌশল’ শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল মন্ত্রিসভা বৈঠকে ২০১২ সালে অনুমোদিত হয়। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে প্রণীত ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ অনুসরণে প্রতি অর্থ বছরে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থার গ্রেড-৪ হতে গ্রেড-১০ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ভুক্ত একজন কর্মচারীকে পুরস্কার প্রদানের লক্ষ্যে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর প্রজ্ঞাপনের ৬.৩ ধারা অনুসারে দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক সকল বিভাগ/উপ-বিভাগ থেকে মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণের গুণাবলীর সূচকের বিভিন্ন দিক যাচাই বাছাইকরতঃ সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | বিভাগ |
|-----------|-----------------------|-------------------------|------------------|
| ১ | জনাব মোঃ সফিকুল ইসলাম | উপ-ব্যবস্থাপক | ব্যাংকনোট উৎপাদন |
| ২ | জনাব আছমা খানম | সিনিয়র পরীক্ষক/গ্রেড-এ | ওএসপি উৎপাদন |

মনোনীত কর্মকর্তা ও কর্মচারী শুদ্ধাচার চর্চার পুরস্কারস্বরূপ একটি সার্টিফিকেট এবং নিজ নিজ মূলবেতনের (জুন, ২০২১ মোতাবেক) সমপরিমাণ অর্থ এককালীন প্রাপ্য হবেন। তাদের উভয়কে করপোরেশনের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপনসহ নিজ নিজ কর্তব্য পালনে আরো দায়িত্বশীল হওয়ার এবং শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হলো।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারী করা হলো।


(মোঃ এমদাদুল হক)

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

প্রশাসন বিভাগ

পার্সোনেল সার্ভিসেস শাখা